দৈনিক জনকণ্ঠ

১১/৫/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ..৫.. কলাম .. ৫

# রাজশাহীতে সার্টিফিকেট জালিয়াত চক্রের সন্ধান লাভ ॥ কলেজ অধ্যক্ষ গ্রেফতার

**রাজশাহী, ১০ মে, সংবাদদাতা ॥** বৃহস্পতিবার ভোরে রাজশাহী মহানগরীর ছোটবন গ্রাম এলাকার এক বেসরকারী কলেজ অধ্যক্ষের বাসা থেকে সিআইডি পুলিশ বিপুল পরিমাণ জাল সার্টিফিকেট এবং সার্টিফিকেট তৈরির সরঞ্জাম উদ্ধার করেছে। একই সাথে সিআইডি পুলিশ বাসার মালিক মোহনপুর উপজেলার টাটন কলেজের অধ্যক্ষ সামস-উল-হক স্বপনকে গ্রেফতার করেছে।

সিআইডি সূত্রে জানা গেছে, নগরীর বোয়ালিয়া থানায় দায়েরকৃত একটি সার্টিফিকেট জালিয়াতির মামলার সূত্র ধরে এই সার্টিফিকেট জালিয়াত চক্রের সন্ধান লাভ করে। সিআইডি পুলিশ বিভিন্ন সোর্সের মাধ্যমে খবর নিয়ে ছোটবন গ্রাম এলাকায় বসবাসকারী বেসরকারী কলেজ অধ্যক্ষ স্বপনের বাসভবনে বৃহস্পতিবার ভোরে অভিযান চালায়। তারা অধ্যক্ষ স্বপনের ঘরের খাটের নিচ থেকে প্রায় ১০ হাজার জাল সার্টিফিকেট এবং সার্টিফিকেট তৈরির সরঞ্জাম উদ্ধার করে। উদ্ধারকৃত জাল সার্টিফিকেটের মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়; জাতীয় বিশ্ববিদ্যালয়, দেশের বিভিন্ন মেডিক্যাল কলেজ; রাজশাহী, ঢাকা, যশোর, কুমিল্লা বোর্ড, কারিগরি ও ডিপ্লোমা কলেজের জাল সার্টিফিকেট ছাড়াও বিভিন্ন স্কুল-কলেজের প্রশংসাপত্র; রেজিস্ট্রেশন কার্ড ও ৮০টি বিভিন্ন রকম সিল রয়েছে।

গ্রেফতারের পর স্বপন সিআইডি পুলিশের কাছে স্বীকার করেছে, সে দীর্ঘদিন থেকে উপরোক্ত শিক্ষা প্রতিষ্ঠানের জাল সার্টিফিকেট তৈরি করে তা চড়া মূল্যে বিক্রি করেছে। একই সাথে স্বপন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের বেশকিছু কর্মকর্তা-কর্মচারীর নাম প্রকাশ করেছে যারা তাঁকে সার্টিফিকেট জাল করার কাজে সহযোগিতা করেছে। পুলিশ তদন্তের স্বার্থে ওই সকল কর্মকর্তা-কর্মচারীর নাম প্রকাশে অস্বীকৃতি জানিয়েছে। এ ছাড়া স্বপনের জাল সার্টিফিকেট বিক্রির জন্য দেশের বিভিন্ন স্থানে দালাল চক্র রয়েছে।